56

দৈনিক বাংলা

তাং ... ১৬.৯.৯১ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম .. ৪ ...

## তিন দিন ধরে ছাত্র সংঘর্ষ

# চট্টগ্রাম মেডিক্যাল কলেজ বন্ধ

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

চট্টগ্রাম, ১৫ই সেপ্টেম্বর।–চট্টগ্রাম মেডিক্যাল কলেজ আজ থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেয়া হয়েছে। আজ সকাল ৮টার মধ্যে ছাত্রছাত্রীদের হোস্টেল ছেড়ে দেয়ার নির্দেশ দেয়া হলে তারা হোস্টেল (শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## কলেজ বন্ধ ঘোষণা

(প্রথম পৃঃ পর)

ছেড়ে চলে যায়।

গত তিনদিন, যাবৎ কলেজের দু'দল ছাত্রের মধ্যে সংঘর্ষের কারণে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যাওয়ায় কর্তৃপক্ষ কলেজ বন্ধ ঘোষণা করেন।

শনিবার গভীর রাতে একাডেমিক কাউন্সিলের এক সভায় কলেজ বন্ধ করে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। তবে পরীক্ষার্থীরা বৈধ কাগজপত্র দেখিয়ে হোস্টেলে থাকতে পারবে।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার থেকে ছাত্রলীগ (শা–আ) ও জাতীয়তাবাদী ছাত্রদলের মধ্যে সংঘর্ষ চলছিল। সংঘর্ষ চলাকালে অধ্যক্ষের অফিস, করোনারী ইউনিট, মেডিএইড কমপ্লেক্স এবং ছাত্রাবাসগুলোর ১২টি কামরা ভাংচুর হয়।

ছাত্রদলের অভিযোগ, ছাত্রলীগের হামলায় তাদের ৭ জন কর্মী আহত হয়েছে। মেডিক্যাল কলেজের ঘটনার প্রেক্ষিতে আজ চট্টগ্রাম রেল স্টেশনে দু'দল ছাত্রের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া হয়। তবে এতে কেউ হতাহত হয়নি।

### ছাত্রদল নেতার মুক্তিলাভ

মেডিক্যাল কলেজের জাতীয়তাবাদী ছাত্রদল নেতা রাশেদুন্নবী খান বিপ্লব আজ জামিনে কেন্দ্রীয় কারাগার থেকে মুক্তি পেয়েছেন। আগের এক মামলায় জড়িত থাকার অভিযোগে পুলিশ ১৩ই সেপ্টেম্বর তাকে ক্যাম্পাস থেকে গ্রেফতার করেছিল।

গতকাল দীর্ঘ শুনানির পর চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট তাকে জামিনে মুক্তি দেয়ার নির্দেশ দেন।